# মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ


মতিঝিল কলোনি, ঢাকা- ১০০০

স্কুল কোড- ১০০৫, কলেজ কোড-১৬৫১, EIIN : ১৩০৮৬৫

ফোন : ০২-৪৮৩১৫০৯২, ০২-৫৮৩১১৯৭৫ (মূলস্কুল), ০২-৪৭২১১৯৫৯ (বাসাবো শাখা), ০২-৮৩৩২২৯৮ (কলেজ)

ওয়েবসাইট : www.mmodel.edu.bd, e-mail : mmsc1980@yahoo.com


তারিখ: ২৬/০৪/২০২২

## জরুরি নোটিশ

গভর্নিং বডির নির্বাচন- ২০২২ এর সম্মানিত সকল প্রার্থীদের (শিক্ষক প্রতিনিধি এবং অভিভাবক প্রতিনিধি) জানানো যাচ্ছে যে, ঢাকা জেলা প্রশাসকের দপ্তর থেকে প্রাপ্ত নির্বাচনি আচরণ বিধি অনুযায়ী নির্বাচনি কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

২৬/৪/২২

অধ্যক্ষ

ড. মুন্সী শরীফ-উজজামান (৯৫৪৯)
অধ্যক্ষ
মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ
মতিঝিল কলোনি, ঢাকা-১০০০

# মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ

মতিঝিল কলোনি, ঢাকা- ১০০০

গভর্নিং বডি নির্বাচন ২০২১

**নির্বাচন আচরণ বিধি**

০১। নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সভা, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোস্টার, বাই সাইকেল বা মোটর সাইকেল কিংবা গাড়ীবহর ব্যবহার করা যাবে না।

০২। ভোট কেন্দ্রের ২০০ গজের মধ্যে কোন প্রকার পোস্টারিং, নির্বাচনী প্রচারণা বা দলবদ্ধ হয়ে আলোচনা ও নির্বাচনী ক্যাম্প করা যাবে না।

০৩। প্রার্থীর মনোনীত পোলিং এজেন্টদের নামের তালিকা নির্বাচন শুরু হওয়ার ০১ (এক) দিন পূর্বে অবশ্যই প্রতিষ্ঠান প্রধান/ প্রিজাইডিং অফিসারের নিকট জমা দিতে হবে।

০৪। প্রার্থীর মনোনীত পোলিং এজেন্টদের অবশ্যই Polling Agent ID Card পরিহিত অবস্থায় সাথে নিয়ে ভোট কেন্দ্রে প্রবেশ করতে হবে।

০৫। ভোট কেন্দ্রে ধূমপান সম্পুর্ণ নিষিদ্ধ।

০৬। নির্বাচনী প্রচারণায় শুধুমাত্র ৫.৫০ ইঞ্চি X ৮.৫০ ইঞ্চি সাদা কালো লিফলেট প্রকাশ ব্যতীত অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না।

০৭। প্রার্থী প্রয়োজন সাপেক্ষে শুধুমাত্র প্রতিষ্ঠান প্রধানের কক্ষে প্রবেশ করতে পারবেন। তিনি উক্ত স্থানে কোন ধরনের প্রচারণামূলক কাজ করতে পারবেন না এবং প্রয়োজন শেষে তাকে প্রতিষ্ঠান প্রাঙ্গন ত্যাগ করতে হবে।

০৮। নির্বাচনের তারিখের পূর্বের ২৪ ঘন্টার মধ্যে কোন প্রার্থী কোনরূপ প্রচারণা চালাতে পারবে না।

০৯। নির্বাচন বিধি পালনে ব্যর্থ হলে বা বিধি-ভঙ্গজনিত কারণে প্রিজাইডিং অফিসার প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। প্রচলিত আচরণ বিধি সংক্রান্ত যে কোন জিজ্ঞাসার জন্য প্রতিষ্ঠান প্রধান/প্রিজাইডিং অফিসারের সাথে যোগাযোগ করা যেতে পারে।

১১। ভোট কেন্দ্রের ভেতরে মোবাইল ফোন ব্যবহার ও বহন করা যাবে না।

১২। আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীকে সার্বিক সহায়তা করতে হবে।

১৩। নির্বাচন শেষে ভোট গণনার সময়ে প্রার্থীর উপস্থিতি একান্তভাবে কাম্য অথবা তাঁর যে কোন একজন প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১৪। ভোটারগণকে ভোট প্রদানের জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত (নির্ধারিত) পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।

১৫। প্রার্থীগণ শুধু ভোট প্রদানের জন্য ভোট কেন্দ্রে প্রবেশ করবেন এবং ভোট প্রদানের পরপরই ভোট কেন্দ্র ত্যাগ করবেন।

১৬। করোনা সংক্রমণের বিষয়টি বিবেচনায় রেখে সামাজিক দূরত্ব বজায় রেখে ভোট কেন্দ্রে প্রবেশ, ভোট প্রদান ও ভোট কেন্দ্র ত্যাগ করতে হবে।

Shahnaz
24/08/2022

শাহনাজ সুলতানা
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ঢাকা
ও
প্রিজাইডিং অফিসার
গভর্নিং বডি নির্বাচন ২০২২
মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা